

আইন শৃংখলা সম্পর্কিত উপজেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো. আখতারুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
সভার তারিখ : ১০ জানুয়ারি ২০২২ইং
সময় : বেলা ১২.৩০ ঘটিকা।
সভার স্থান : ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।
উপস্থিত সদস্যবৃন্দ: পৃথকভাবে সংরক্ষিত।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কালিহাতিতে সভা পরিচালনা করার অনুরোধ করেন। অতপর গত সভার কার্যপত্রে কোন সংশোধনী আছে কিনা জানতে চান এবং কোন সংশোধনী না থাকায় আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিতভাবে অদ্যকার সভার কার্যক্রম শুরু করেন।

১। মেয়র, কালিহাতি পৌরসভা, কালিহাতি সভায় বলেন, কালিহাতি উপজেলাকে বাল্য বিবাহমুক্ত করনসহ যৌতুক নিরোধে সবাইকে সচেতন থাকার আহ্বান করেন। প্রয়োজনে আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর সহায়তা নেয়া যেতে পারে মর্মে সভায় প্রস্তাব করেন।

২। সভাপতি, আইন-শৃংখলা সম্পর্কিত উপজেলা কমিটি, কালিহাতি সভায় বলেন, চলতি শীত মৌসুমে চুরির প্রবনতা বেড়ে যেতে পারে। তাই সবাইকে সচেতন থাকাসহ সংশ্লিষ্ট আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীকে সোচ্চার থাকার জন্য অনুরোধ করেন।
সিদ্ধান্তসমূহ:

১। কালিহাতি উপজেলাকে বাল্য বিবাহ মুক্ত করণে সংশ্লিষ্ট বিবাহ নিবন্ধকসহ সবাইকে সচেতন থাকার সিদ্ধান্ত গ্রহণ।

২। চুরি রোধসহ অসামাজিক কার্যক্রম বন্ধে প্রয়োজনে আনসার বাহিনীর সদস্য মোতায়েন করার সিদ্ধান্ত গ্রহণ।

অদ্যকার সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো. আখতারুজ্জামান)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

ও

সভাপতি

আইন-শৃংখলা সম্পর্কিত উপজেলা কমিটি

কালিহাতি, টাঙ্গাইল।

স্মারক নম্বর: ৪৪.০৩.৯৩৪৭.০০৪.৩০.০৭০.২১-১০৬

তারিখ: ১২/০১/২০২২ ইং

অনুলিপি:

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।

২। উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল।

৩। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।

৪। জনাব কো-অপ্ট সদস্য, যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন সম্পর্কিত উপজেলা কমিটি

৫। অফিস নথি।

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

ও

সদস্য সচিব

আইন-শৃংখলা সম্পর্কিত উপজেলা কমিটি
কালিহাতি, টাঙ্গাইল।